ঝিনাইদহের অটোচালক রাজ কুমারের পাশে দাড়ালেন পৌর মেয়র

ঝিনাইদহের সেই অটোচালক রাজকুমারের পরিবারের জন্য একটি শাড়ী ও নগদ ১ হাজার টাকা উপহার দিলেন জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র আলহাজ্ব সাইদুল করিম মিন্টু। শুক্রবার সকালে পৌরসভা কার্যালয়ে এ উপহার সামগ্রী প্রদান করা হয়।

এসময় পৌর মেয়র মিন্টু বলেন, করোনাকালীন সময়ের ১ম ধাপে অটোচালক রাজকুমার নিজের উপার্জিত ৫০ হাজার টাকা করোনা কালীন অসহায় মানুষের জন্য জেলা প্রশাসক সরোজ কুমার নাথের কাছে প্রদান করেছিলেন। তাই রাজকুমারের এই মহতি উদ্যোগকে সাধুবাদ জানিয়ে তিনি শুক্রবার সকালে তার সহধর্মীনির জন্য একটি শাড়ী ও ১ হাজার টাকা প্রদান করেন।

মুক্তিযোদ্ধা রুহুল কুদ্দুস এর ৪৬ তম দোয়া মাহফিল অনুষ্ঠিত

ঝিনাইদহে শহীদ বীর মুক্তিযোদ্ধা রুহুল কুদ্দুস এর ৪৬ তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে ১১ মার্চ শোকসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে । ১৯৭৫ সালের ১১ মার্চ দেশদ্রোহী গণবাহিনীর হাতে হত্যার শিকার হয়েছিলেন। ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, ঝিনাইদহ পৌরসভার মেয়র জননেতা আলহাজ্ব সাইদুল করিম মিন্টু ভাইয়ের পিতা শহীদ বীর মুক্তিযোদ্ধা রুহুল কুদ্দুস । মুক্তিযোদ্ধা রুহুল কুদ্দুস মেমোরিয়াল প্রাথমিক বিদ্যালয়ের আয়োজনে শোকসভা ও দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন, বীর মুক্তিযোদ্ধা রুহুল কুদ্দুস পুএ,ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, ঝিনাইদহের নগর

পিতা আলহাজ্ব সাইদুল করিম মিন্টু, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক মঞ্জুর পারভেজ তুষার, ঝিনাইদহ পৌরসভার ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবাইদুর রহমান মা

দর্শনা মুজিবনগর সড়কের পাশে অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান শুরু

চুয়াডাঙ্গা জেলার দর্শনা টু মুজিবনগর সড়কের পাশে যে সকল অবৈধ স্থাপনা রয়েছে আজ সকাল ১০ ঘটিকা থেকে উচ্ছেদ অভিযান শুরু করা হয়েছে।দর্শনা টু মুজিবনগর মহাসড়ক উন্নয়নে অবৈধ স্থাপনা উচ্ছেদ ও ড্রেন নির্মাণ কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-০২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর। উল্লেখ্য, গত ২১/১১/২০২০ শনিবার বেলা ১১ টার দিকে দর্শনা বাস স্টেশন চত্বরে দর্শনা-মুজিবনগর সড়ক উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে রাস্তা উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগর টগর। দর্শনা-মুজিবনগর সড়ক টু লেন নতুন রাস্তার কাজ দামুড়হুদা উপজেলার দর্শনা থেকে নাটুদহ ২৩ কিলোমিটার পর্যন্ত ১শ ২০ কোটি টাকা ব্যায় ও মেহেরপুর মুজিবনগর উপজেলার ৭ কিলোমিটার পর্যন্ত রাস্তার কাজ ২৯ কোটি টাকা মোট ১শত ৪৯ কোটি টাকা ব্যায়ে রাস্তা নির্মান হবে এবং দর্শনা-মুজিবনগর সড়ক উদ্বোধন এর পর থেকেই সড়কের পাশে যে সকল অবৈধ স্থাপনা রয়েছে সেগুলো সরিয়ে ফেলার জন্য বেশ কয়েকবার মাইকিং ও নোটিশ প্রদান করা হয়েছে। মাইকিং ও নোটিশ প্রদানের পর ও যে সকল অবৈধ স্থাপনা সরিয়ে নেয়নি শুক্রবার সকালে সেগুলো ভেকু দিয়ে ভেঙে ফেলা হয়েছে।

দর্শনা-মুজিবনগর সড়কের পাশে যে অবৈধ স্থাপনা রয়েছে সেগুলো উচ্ছেদ এর সময় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-২ আসনের এমপি হাজী আলী আজগার টগর, দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনসুর বাবু, নির্বাহী প্রকৌশলী নজরুল ইসলাম,

চুয়াডাঙ্গা ও মেহেরপুরের উপ-পরিচালক অনুজ কুমার, দর্শনা থানার ওসি মাহাব্বুর রহমান কাজল, দর্শনা পৌর নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ সহ অনেকে। এ সময় চুয়াডাঙ্গা-০২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর বলেন, বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশকে একটি উন্নয়নশীল দেশ হিসেবে গড়ে তুলার জন্য কঠোর পরিশ্রম করে যাচ্ছেন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শে এই বাংলাদেশ গড়ে তুলবেন।

হরিণাকুণ্ডুতে জাতীয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

হরিণাকুণ্ডু উপজেলা প্রশাসনের উদ্যোগে ১৭ মার্চ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। বৃহস্পতিবার সকালে উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানার সভাপতিত্বে এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন বিশেষ অতিথি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুর রহিম মোল্লা, হরিণাকুণ্ডু পৌরসভার নব নির্বাচিত মেয়র মোঃ ফারুক হোসেন,, প্রেসক্লাব সভাপতি সাইফুজ্জামান তাজু, মহিলা ভাইস চেয়ারম্যান রেশমা খাতুন, কৃষি কর্মকর্তা হাফিজ হাসান প্রমূখ। সভায় বক্তারা ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষে সময়সূচী নির্ধারণ করে দিক নির্দেশনামূলক বক্তব্য দেন।

ঝিনাইদহে গাঁজা বিক্রয় সময় এক মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহে অভিনব কায়দায় মাদক (গাঁজা) বিক্রয় সময় আছান হোসেন (৩৩) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে সদর থানা পুলিশ। বুধবাার রাতে সদর উপজেলার মধুপুর এলাকার এন এস বি ইটভাটা এলাকা থেকে তাকে আটক করা হয়। সে সাতক্ষীরা জেলার আশাশুনি থানার বড়দল গ্রামের রউব মোল্যার ছেলে।

ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ মিজানুর রহমান জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারি সদর উপজেলার মধুপুর বাজার এলাকায় এক মাদক ব্যবসায়ী গাজাসহ অবস্থান করছে। সেসময় সদর থানার এস আই রফিকুল ইসলাম, এস আই মোখলেচুর রহমান, এ এস আই আনোয়ারুল ইসলামসহ সঙ্গীয় ফোর্স নিয়ে সেখানে অভিযান পরিচালনা করে আছান হোসেনকে আটক করা হয়। পরে তার কাছের ব্যাগের মধ্যে থাকা একটি সাইন্ড বক্সের ভিতরে রাখা ৭ শত ৫০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। তিনি আরও জানান, তার বিরুদ্ধে বিভিন্ন থানায় মাদক মামলা রয়েছে এবং এ ঘটনায় ঝিানইদহ থানায় একটি মাদক মামলা হয়েছে।

শৈলকুপায় মোটরসাইকেলের সাথে ড্রাম ট্রাকের সংঘর্ষ আহত ১

মারাত্মক সড়ক দূর্ঘটনা থেকে রক্ষা পেলো দুটি প্রাণ। ঘটনাটি বৃহস্পতিবার (১১ মার্চ) সকাল আনুমানিক সাড়ে ১১টার দিকে শৈলকুপা পৌর এলাকার সাতগাছি গ্রামে শৈলকুপা টু কাতলাগাড়ী রোডে। প্রত্যক্ষদর্শীদের ভাষ্যমতে, চরমৌকুড়ী গ্রামের তরিকুল ও রাব্বি নামে দুজন যুবক মোটরসাইকেল যোগে বাড়ি ফিরছিল। দূর্ঘটনায় এলাকায় পৌছালে মাটি ভর্তি ট্রলিকে অতিক্রম করতে গিয়ে অপরদিক থেকে আসা ড্রাম ট্রাকের সাথে ধাক্কা লেগে মোটরসাইকেল থেকে ছিটকে পড়ে যায়। পরে স্থানীয়রা মোটরসাইকেল চালক রাব্বিকে গুরুতর আহতবস্থায় উদ্ধার করে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা

হয়েছে।

কোটচাঁদপুরে ইলেকট্রনিক্স দোকানে নগদ অর্থ-মোবাইল ফোন চুরি

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার সাফদাপুর বাজারে একটি ইলেকট্রনিক্স দোকানের উপরের টিন খুলে অভিনব কায়দায় চুরির ঘটনা ঘটেছে। চোর চক্র এসময় নগদ অর্থ সহ ১৭ টি মোবাইল ফোন ও ২৫ হাজার টাকার মোবাইল রিচার্জ কার্ড নিয়ে পালিয়ে যায়। বুধবার রাতে উপজেলার সাফদারপুর বাজারের ব্রাদার্স ইলেকট্রনিক্স এন্ড মোবাইল টেলিকম দোকানে এই চুরির ঘটনা ঘটে। ধারণা করা হচ্ছে রাতের কোন এক সময় চোর চক্র দোকানের উপরের টিন খুলে চুরি করে পালিয়ে যায়।

ভুক্তভোগী ব্যবসায়ী তোজাম্মেল হক জানান, মঙ্গলবার দিনগত রাত সাড়ে ১০ টার দিকে দোকান বন্ধ করে বাড়িতে যায়। বুধবার সকালে ব্যবসা প্রতিষ্ঠানে এসে দোকান খুলেই দেখতে পায় দোকানের মালামাল এলোমেলো অবস্থায় পড়ে আছে। চোরেরা দোকানের সিলিংয়ের উপরের টিনের স্ক্রুপ খুলে ভিতরে প্রবেশ করে। এসময় বড় মাপের ইলেকট্রনিক্স সামগ্রী না নিলেও ৭ টি স্মাট মোবাইলসহ ১৭ টি ফোন, ক্যাশ বাক্সে থাকা নগদ ৩০ হাজার টাকা এবং ২৫ হাজার টাকার মোবাইল রিচার্জ কার্ড নিয়ে পালিয়ে যায়। দোকানি জানায়, নগদ অর্থ সহ লক্ষাধিক টাকার মালামাল চুরি হয়ে গেছে।

বিষয়টি নিয়ে কথা হয় সাফদারপুর পুলিশ ক্যাম্প ইনচার্জ অজিয়ার রহমানের সঙ্গে তিনি জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। চুরির ঘটনায় বাজার বণিক সমিতি আগামী শুক্রবার জরুরী মিটিং দিয়েছেন। তিনি বলেন, এঘটনায় বাজার ব্যবস্থাপনার গাফিলতি আছে। পুলিশের পক্ষ থেকে বাজারে নজরদারী রাখা হচ্ছে। সেই সাথে চোর চক্রের সদস্যদের গ্রেফতারে পুলিশি অভিযান অব্যহত রয়েছে বলেও জানান এই পুলিশ কর্মকর্তা।

জমি নিয়ে বিরোধের জেরে মহেশপুরে ভাইপোর হাতে চাচা খুন

জমি-জায়গা নিয়ে বিরোধের জের ধরে ঝিনাইদহের মহেশপুর উপজেলার আজমপুর ইউনিয়নের আলামপুর গ্রামে রক্তক্ষয়ী সংঘর্ষে ভাইপোর হাতে ওসমান আলী (৭০) নামে চাচা খুন হয়েছেন। গতকাল মঙ্গলবার দুপুরে কোটচাঁদপুরের পার্শ্ববর্তী ব্রিজঘাট এলাকার আলামপুর গ্রামের কুলবাগানে এঘটনা ঘটে।

নিহত ওসমান আলী ওই এলাকার মৃত আজিজ বক্সের ছেলে। এ ঘটনায় একই গ্রামের আলমগীর হোসেনের ছেলে মকসেদ আলী, রমজান আলী এবং আলমগীরের স্ত্রী, আজিজ বক্সের ছেলে খাদেম আলী ও হারুন মিয়ার স্ত্রী ইতি খাতুন আহত হয়েছেন।

এদের মধ্যে ৩ জনকে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হযেছে। স্থানীয় আজমপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুস সাত্তার জানান, গতকাল মঙ্গলবার দুপুরের দিকে ছোট ভাই আলমগীরের সঙ্গে জমি-জায়গা নিয়ে বিরোধ সৃষ্টি হয়। এক পর্যায়ে উভয়ের মধ্যে সংঘর্ষ শুরু হয়। এ সময় মাথায় ভাইপোর দায়ের কোপে ঘটনাস্থলেই চাচা ওসমান আলী নিহত হন। স্থানীয়রা জানায়, জমি-জায়গা নিয়ে বিরোধের জের ধরে ছোট ভাই আলমগীর হোসেনের ছেলে আয়নাল হোসেনের দায়ের কোপে তার মৃত্যু হয়।

মহেশপুর থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম জানান, জমি-জায়গা নিয়ে বিরোধের জের ধরে ওসমান আলীর ভাইপো আয়নাল হোসেন তাকে কুপিয়ে হত্যা করে। এব্যাপারে মহেশপুর থানায় একটি হত্যা মামলা দায়ের করা হয়েছে।

কালীগঞ্জে ইজিবাইক হারানো রুহুলের পাশে ফেসবুক গ্রুপ

আয় উপার্জনের একমাত্র সম্বল ছিল ইজিবাইকটি। মেরুদন্ডের হাড়ে অপারেশন করায় অন্য কোন কাজও তেমন করতে পারেন না। ইজিবাইকে ভাড়া মেরে নিজের ঔষধ ও পরিবারের সদস্যদের মুখে খাবার তুলে দিতেন। কিন্তু গত ৮ ফেব্রুয়ারি প্রতারকচক্রের ফাঁদে পড়ে হারিয়ে ফেলেন ইজিবাইকটি। কান্নায় ভেঙে পড়েন রুহুল আমিন। চোখে মুখে হতাশার ছাপ। কিভাবে সংসারের খরচ চালাবেন চিন্তায় পড়ে যায় রুহুল আমিন।

জানা গেছে, রুহুল আমিনের সেই কান্নার ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়ে যায়। রুহুল আমিনের কান্না দেখে প্রথম এগিয়ে আসে ফেসবুক ভিত্তিক কালীগঞ্জ আঞ্চলিক ভাষা গ্রুপে। সর্বপ্রথম কালীগঞ্জ আঞ্চলিক ভাষা গ্রুপে রুহুল আমিনকে নিয়ে একটি সাহায্যের পোস্ট দেয় এ্যাডমিন শাহরিয়ার আলম সোহাগ। দেশ ও দেশের বাইরের সদস্যরা এগিয়ে আসে রুহুল আমিনের পাশে। এছাড়াও গ্রামবাসী ও কালীগঞ্জের অন্য একটি ফেসবুক গ্রুপ ওয়াও-অচোম রুহুল আমিনের পাশে দাঁড়িয়েছে।
মঙ্গলবার দুপুরে শহরের এম.আর এন্টার প্রাইজ থেকে রুহুল আমিনকে নতুন একটি ইজিবাইক কিনে দেওয়া হয়।
এ সময় রুহুল আমিন বলেন, কালীগঞ্জ আঞ্চলিক ভাষা গ্রুপ এগিয়ে না এলে আমি আর ইজিবাইক কিনতে পারতাম না। আপনারা সহযোগিতা করায় সেটা সম্ভব হয়েছে। এই গ্রুপসহ যারা আমার সহযোগিতা করেছেন সবাইকে ধন্যবাদ জানিয়েছেন তিনি। এখন থেকে ইজিবাইকে ভাড়া মেরেই নিজের ঔষধ ও অসুস্থ মায়ের ঔধষসহ পরিবারের খরচ চালাতে পারবো।
এ সময় উপস্থিত ছিলেন ইজিবাইক হারানো রুহুল আমিন, কালীগঞ্জ আঞ্চলিক ভাষা গ্রুপের এ্যাডমিন শাহরিয়ার আলম সোহাগ, মডারেটর মাজেদুল হক, তৌহিদুল ইসলাম, সাংবাদিক শাহ আলম, কমলাপুর গ্রামের রিপন আলী, আলমগীর হোসেন, জামাল হোসেন প্রমুখ।
কালীগঞ্জ আঞ্চলিক ভাষা গ্রুপের এ্যাডমিন শাহরিয়ার আলম সোহাগ বলেন, কালীগঞ্জ আঞ্চলিক ভাষা গ্রুপ প্রতিষ্ঠার পর থেকে রক্তদান, গরীব মেধাবীদের সাহায্য ও অসহায় মানুষের সাহায্য করে আসছে। এরই ধারাবাহিকতায় গ্রুপের পক্ষ থেকে আমরা রুহুল আমিনের পাশে

দাঁড়িয়েছি। রুহুল আমিনের পাশে গ্রুপের যেসকল সদস্যরা এগিয়ে এসেছেন সকলের প্রতি কৃতজ্ঞতা।

অবশেষে স্বপ্ন পুরণ হতে চলেছে পঙ্গু ফারুকের

সমাজের দানশীল মানুষের আর্থিক সহায়তা ও আন্তরিক ভালবাসায় স্বপ্ন পুরণ হতে চলেছে পঙ্গু ফারুকের। কৃত্তিম পা দিয়ে ফারুকের হাটাচলার একটি ব্যবস্থা হচ্ছে শিঘ্রই। ইতিমধ্যে দেশ বিদেশের অনেকই ফারুককে একটি কৃত্তিম পা দেওয়ার প্রতিশ্রæতি দিয়েছেন। দিচ্ছেন নগদ আর্থিক সহায়তা। মঙ্গলবার দুপুরে ঝিনাইদহ শহরের একজন স্বনামধন্য ব্যবসায়ী ও দানশীল ব্যক্তি ফারুককে আর্থিক সহায়তা করেন। নাম ও পরিচয় প্রকাশ করতে অনিচ্ছুক ওই ব্যবসায়ী তার কার্যালয়ে সাংবাদিকদের মাধ্যমে এই নগদ অর্থ তুলে দেন।

ফারুককে নগদ অর্থ প্রদানের সময় ঝিনাইদহের সিনিয়র সাংবাদিক আসিফ কাজল, বণিক বার্তা ও এসএ টিভির জেলা প্রতিনিধি ফয়সাল আহম্মেদ ও বশির উদ্দীন উপস্থিত ছিলেন। স্বপ্ন ছিল চাকরি করে দুই সন্তান মানুষ করবেন ফারুক। অবিবাহিত এক বোনকে বিয়ে দিবেন। মা-বাবাকে ভালো ভাবে দেখাশোনা করবেন। কিন্তুসড়ক দুর্ঘটনায় ফারুকের স্বপ্ন ভেঙ্গে চুরমার করে দেয়। ২০২০ সালের ২৩ আগষ্ট সড়ক দুর্ঘটনায় প্রাণে বেঁচে গেলেও একটি পা কেটে ফেলতে হয় ফারুকে। গনমাধ্যমকর্মীদের মাধ্যমে একটি প্লাস্টিকের পায়ের আকুতি জানান উচ্চ শিক্ষিত ফারুক। অবশেষে তার সেই স্বপ্ন পুরণ হতে চলেছে।